গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ এর কার্যালয়
জামালপুর।
www.jamalpur.judiciary.org.bd
email: districtjudgecourtjamalpur@gmail.com

**(প্রশাসন শাখা)**

**অফিস আদেশ**

আদেশ নং-২৩৭/জি, তারিখ ঃ ০৫ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ / ২০ নভেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

অত্র কার্যালয়ের বিগত ০৪ এপ্রিল, ২০২২ খ্রি. তারিখের ৭৭/জি, নং অফিস আদেশ এবং একই তারিখের ১৮২/জেঃজঃজাঃ/২০২২নং স্মারক মূলে জনাব মোঃ নয়ন সরকার, সাঁটলিপিকার (দৈনিক মজুরী ভিত্তিক), যুগ্ম জেলা ও দায়রা জজ, ২য় আদালত, প্রেষণে সাঁটলিপিকার, সিনিয়র সহকারী জজ, ১ম আদালত, সদর, জামালপুর-কে নিম্নস্বাক্ষরকারীর রায়ের ভয়েস রেকর্ড শুনে টাইপ করা সহ তিনি ছুটিতে থাকলে স্টেনো সমন্বয়কারীকে অবহিত করে ছুটিতে থাকার নির্দেশনা থাকা সত্বেও জনাব মোঃ নয়ন সরকার-কে কর্মস্থলে না পেয়ে বিগত ১৬ নভেম্বর, ২০২২ খ্রি. তারিখ অত্র কার্যালয়ের সাঁটমুদ্রাক্ষরিক জনাব মোঃ আব্দুর রহিম বারবার মোবাইল ফোনে যোগাযোগ করলে জনাব মোঃ নয়ন সরকার বলেন- **"আমি না থাকলে কি জজকোর্টের কাজ হবেনা? আমি আসবো না। আপনার জজ কে বলেন সোকজ করতে"** এর পর হতে তিনি কর্মস্থলে অনুপস্থিত থাকেন।

উক্তরূপ কারণে নিম্নস্বাক্ষরকারী অদ্য ২০.১১.২০২২ খ্রি. তারিখ রোজ রবিবার বেলা ৩.২০ ঘটিকায় জামালপুর জজশীপের অধীন সিনিয়র সহকারী জজ, ১ম আদালত, সদর, জামালপুর-এ কর্মরত কর্মচারী উপস্থিতির হাজিরা খাতা নিম্নস্বাক্ষরকারীর গোচরে আনা হলে জনাব মোঃ নয়ন সরকার, সাঁটলিপিকার (দৈনিক মজুরী ভিত্তিক), যুগ্ম জেলা ও দায়রা জজ, ২য় আদালত, পেষণে সাঁটলিপিকার, সিনিয়র সহকারী জজ, ১ম আদালত, সদর, জামালপুর এর স্বাক্ষরের স্থলে বিগত ১৪-২০ নভেম্বর, ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত অনুপস্থিত হিসেবে চিহ্নিত করা হয়।

এমতাবস্থায়, বিজ্ঞ সিনিয়র সহকারী জজ, ১ম আদালত, সদর, জামালপুর-কে এই মর্মে নির্দেশ দেওয়া যাচ্ছে যে, জনাব মোঃ নয়ন সরকার, সাঁটলিপিকার (দৈনিক মজুরী ভিত্তিক), যুগ্ম জেলা ও দায়রা জজ, ২য় আদালত, প্রেষণে সাঁটলিপিকার, সিনিয়র সহকারী জজ, ১ম আদালত, সদর, জামালপুর কেন কর্মস্থলে অনুপস্থিত, উক্ত কারণে তাকে কেন চাকুরীচ্যুত করা হবেনা সেই মর্মে অদ্যই কারণ দর্শানোর নির্দেশ প্রদান করতঃ উক্ত বিষয়ে আগামী ২২.১১.২০২২ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানানোর জন্য নির্দেশ প্রদান করা গেল।

সংশ্লিষ্ট সকলকে অবগত করানো হোক।

**(মোঃ জুলফিকার আলী খাঁন)**
সিনিয়র জেলা ও দায়রা জজ
জামালপুর।
২০/১১/২২ইং

স্মারক নং-৬৬১/জেঃ জঃ জাঃ(      )/২০২২ তারিখ ঃ ০৫ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ / ২০ নভেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলোঃ**

১) ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ, জেলা জজ আদালত, জামালপুর।
২) সিনিয়র সহকারী জজ, ১ম আদালত, সদর, জামালপুর।
৩) অফিস কপি।

**স্বাঃ**
**(মোঃ জুলফিকার আলী খাঁন)**
সিনিয়র জেলা ও দায়রা জজ
জামালপুর।